

## কুবির বাংলা বিভাগ নিয়মবহির্ভূতভাবে শিক্ষক নিয়োগ বোর্ড গঠনের অভিযোগ

কুমিল্লা যুগো

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) বাংলা বিভাগের শিক্ষক নিয়োগ বোর্ড নিয়মবহির্ভূতভাবে গঠন হয়েছে বলে অভিযোগ উঠেছে। একই বিভাগে দু'জন প্রভাষক নিয়োগের জন্য বুধবার এ বোর্ডের সভা অনুষ্ঠিত হয়। ওই বিভাগের রুটিন দায়িত্ব পাওয়া ভারপ্রাপ্ত সভাপতি নিয়োগ বোর্ডের সদস্য থাকায় এ নিয়ে বিতর্কের সৃষ্টি হয়। এদিকে নিয়মবহির্ভূত এ বোর্ডের মাধ্যমে নির্ধারিত প্রার্থীদের নিয়োগ প্রক্রিয়া শনিবার সম্পন্ন করা হয় বলে একাধিক সূত্র জানিয়েছে। জানা যায়, বুধবার কুবির বাংলা বিভাগে প্রভাষকের দুটি পদে নিয়োগের জন্য বোর্ড গঠন করা হয়। এ বোর্ডে বিভাগের পক্ষ থেকে প্রতিনিধিত্ব করেন ভারপ্রাপ্ত বিভাগীয় সভাপতি মুহাম্মদ শামসুজ্জামান মিলকী। তবে তিনি বিভাগীয় সভাপতির রুটিন দায়িত্ব পালন করছেন বলে রেজিস্ট্রার সাফরিত অফিস আদেশে জানা যায়। সূত্র জানায়, শামসুজ্জামান মিলকী বাংলা বিভাগের ভারপ্রাপ্ত সভাপতির রুটিন দায়িত্ব পালন করায় তিনি শিক্ষক নিয়োগ বোর্ডের সদস্য হতে পারেন না। এ বিষয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিসি অধ্যাপক ড. আমির হোসেন খানের কাছে জানতে চাইলে তিনি বলেন, রুটিন দায়িত্ব পাওয়া বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি কখনোই নিয়োগ বোর্ডের সদস্য হতে পারেন না। তবে তিনি যদি পরবর্তী সময়ে ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে নিয়োগ পান তাহলে বোর্ডের সদস্য হতে পারেন। এ বিষয়ে শামসুজ্জামান মিলকী বলেন, আমি ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব পালনের জন্য চিঠি পেয়েছি। রুটিন দায়িত্ব পালন করলে আমি মাসিক ভাতা পেতাম না। কুবির ডিসি অধ্যাপক ড. মো. আলী আশরাফ সাংবাদিকদের বলেন, এ বিষয়ে আমি কিছু বলতে পারব না, রেজিস্ট্রার বলতে পারবে। রেজিস্ট্রার মো. যুজিবুর রহমান মজুমদার বলেন, শামসুজ্জামান মিলকী রুটিন দায়িত্ব পালনের চিঠি ছাড়া অন্য কোনো চিঠি পাননি। তবে এ বিশ্ববিদ্যালয়ের ২০০৬ সালের আইন অনুযায়ী নিয়োগ বোর্ড গঠন করা হয়েছে।